

সংবাদ

তারিখ ... ৩/৭/৪৩ ...
পৃষ্ঠা ... ৫ ...

002

প্রসঙ্গ : কৃষি বিশ্ববিদ্যালয়ে

ছাত্র ভর্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে কিছুদিন পূর্বে বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তি করানো হয়েছে। এবছর ভর্তির দিন আমি ভর্তি কেন্দ্রে গেলে অবাক না হয়ে পারিনি। মেধা তালিকার শতকরা পঞ্চাশ জন ছাত্র-ছাত্রী অনুপস্থিত। কৃষি অনুষদে এবছর মেধা তালিকা থেকে দু'শ' পঁচিশ জন ছাত্র-ছাত্রী ভর্তি হবার কথা থাকলেও সেকেন্দ্রে ভর্তি হয়েছে মাত্র একশ' বারোজন ছাত্র-ছাত্রী। পরে অবশ্য অপেক্ষা-মান তালিকা থেকে বাকী আসন পূর্ণ করা হয়েছে। মৎস্য অন-

ুষদে ৬০ জন ছাত্র-ছাত্রীর স্থলে ৪০ জনকে ভর্তি করানো হয়েছে। প্রত্যেকটি অনুষদের ক্ষেত্রে এবছর এ ধরনের ঘটনা ঘটেছে। ফলতঃ প্রকৃত মেধাবী ছাত্র-ছাত্রী এবছর কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়েছে।

এবছর পশুচিকিৎসা, মৎস্য-বিজ্ঞান, কৃষি প্রকৌশলসহ কৃষি অনুষদের কত পক্ষ ভর্তি পরীক্ষার্থীদের নির্বাচনী নম্বর (এসএসসি এবং এইচএসসি) অনেক বেশী নির্ধারণ করেছিলেন। ফলতঃ উচ্চ নম্বর প্রাপ্ত বেশীর ভাগ ছাত্র-ছাত্রী চিকিৎসা মহাবিদ্যালয়সহ প্রকৌশল-বিশ্ববিদ্যালয় এবং মহাবিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়ে ভর্তির

আসনগুলো খালি করেছে। অধিক অল্প নম্বরপ্রাপ্ত অনেক ছাত্র ছাত্রী ভর্তি পরীক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয়ে আজ হতাশায় দিন গুণছেন। তাই কত পক্ষের নিকট আমাদের অনুরোধ, সামনের বছর ভর্তির জন্য নির্বাচনী নম্বর আপেক্ষিকভাবে কম করুন। এতে প্রকৃত মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাবে।

— সুব্রত কুমার নন্দী
সাংস্কৃতিক সম্পাদক, আর.ও.সি.এ
১৩৪/ডি, সোহরাওয়ার্দী হল
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
মোমেনশাহী